সন্ত্রাস

দৈনিক খবর

তারিখ ...19 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

১১৩

### ঢাকা বিশ্ববিদ্যালয় ।। হলের ভিতরেই আছে ওরা

# সন্ত্রাসীরা এখন সাধারণ ছাত্রদের কাছ থেকে চাঁদা তুলে খাচ্ছে

।। ষ্টাফরিপোর্টার ।।

বাইরে চাঁদাবাজ সন্ত্রাসী দমনাভিযান এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মাস্তান বিরোধী ব্যবস্থা গ্রহণের ফলে আবাসিক হলগুলোতে আটকা পড়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিহ্নিত মাস্তান ও ক্যাডাররা এখন নিরীহ ছাত্রদের ওপর তাদের চাঁদাবাজী শুরু করেছে। কতিপয় হলের নিরীহ ছাত্ররা এই মাস্তানদের হাতে তাদের খাওয়া-পরার অর্থ তুলে দিতে বাধ্য হচ্ছে।

খোঁজ নিয়ে জানা গেছে, বাইরে চাঁদাবাজী অনেক ক্ষেত্রে বন্ধ হয়ে যাওয়ায় বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক মাস্তানদের আয়-উপার্জন প্রায় বন্ধ। পক্ষান্তরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস বিরোধী তৎপরতার ফলে অনেক চিহ্নিত অস্ত্রধারীই গা ঢাকা দিয়েছে কিংবা হলের ভেতরে অবস্থান নিয়েছে। গ্রেফতার এড়ানোর জন্যে তারা হলের বাইরে তেমন একটা যায় না। আয়-উপার্জন সংকুচিত হয়ে যাওয়ায় ক্যাডাররা হলের নিরীহ ছাত্রদের কাছ থেকে তাদের প্রয়োজনীয় অর্থ আদায় করে নিচ্ছে। ফলে কয়েকটি হলে আভ্যন্তরীণ চাঁদাবাজীর কারণে ছাত্ররা অতিষ্ঠ হয়ে পড়েছে। অনেকে তাদের বাড়ী থেকে আসা নির্দিষ্ট অর্থ মাস্তানদের হাতে তুলে দিয়ে চরম অর্থ কষ্টে পড়েছে।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা চলার কারণে ছাত্ররা আরও বেশী বিপাকে পড়েছে।

নিজের দলীয় ক্যাডারের হাতে প্রহৃত ও অর্থদানকারী এমএ পরীক্ষার্থী একজন ছাত্র জানান, মাস্তানরা তার বাড়ী থেকে আসা এক হাজার টাকার সবক'টি নিয়ে গেছে এবং টাকা না দিতে চাওয়ায় তাকে শারীরিকভাবে নির্যাতন করা হয়েছে। তিনি জানান, মাস্তানরা হলে আসা ডাক পিয়নের [illegible] থেকে কোন রুমে কত টাকা মনিঅর্ডার এসেছে তা জেনে নেয় এবং পরবর্তীতে রুমে রুমে হানা দিয়ে অস্ত্রের মুখে টাকা কেড়ে নেয়া হয়। টাকা দিতে অস্বীকার করলে প্রাণনাশের হুমকি প্রদান করা হয়।